সাবেক হুইপ নজরুল ইসলাম বাবুর এপিএস ওয়ালীউল্লাহ গ্রেপ্তার



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জ-২ (আড়াইহাজার) আসনের সাবেক সংসদ সদস্য ও জাতীয় সংসদের সাবেক হুইপ নজরুল ইসলাম বাবুর ব্যক্তিগত সহকারী (এপিএস) মোহাম্মদ ওয়ালীউল্লাহকে (৪১) গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার (২ নভেম্বর) রাত ১১টার দিকে রাজধানীর আগারগাঁও এলাকা থেকে তাঁকে আটক করা হয়।

আড়াইহাজার থানা-পুলিশের এ অভিযানে নেতৃত্ব দেন নারায়ণগঞ্জের গ-সার্কেলের কর্মকর্তা মেহেদী ইসলাম ও থানার পরিদর্শক (তদন্ত) শফিকুল ইসলাম সুমন।

নারায়ণগঞ্জের গ-সার্কেলের কর্মকর্তা মেহেদী ইসলাম জানান, ওয়ালীউল্লাহকে গ্রেপ্তারে কয়েক দিন ধরে চেষ্টা চলছিল। গোপন তথ্যের ভিত্তিতে আগারগাঁওয়ে অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করা হয়। তাঁর বিরুদ্ধে হত্যা মামলাসহ একাধিক মামলা রয়েছে।

গ্রেপ্তার ওয়ালীউল্লাহর বাড়ি নরসিংদীর রায়পুরা উপজেলার শিবপুর গ্রামে। তাঁর বাবার নাম মো. আব্দুল্লাহ। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে এবং তাঁকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানিয়েছে পুলিশ।

LENS ASIA